গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২০-৩০০

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপি'তে 'সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড: ২২৪৩০৭৩০০) অনুকূলে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদন।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে চলতি ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড: ২২৪৩০৭৩০০) অনুকূলে বরাদ্দকৃত মোট ৪০০০০.০০ লক্ষ (চারশত কোটি) টাকার (সম্পূর্ণ মূলধন) নিম্নোক্ত বিভাজন অনুমোদনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

(অংকসমূহ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | | জিওবি | প্রকল্প সাহায্য | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | | আরপিএ (জিওবি'র মাধ্যমে) | অন্যান্য আরপিএ (ডসা, কোনটাসা, সেফ.ইমপ্রেষ্ট) | আরপিএ ব্যতীত প্রকল্প সাহায্য (ডিপিএ) | |
| (ক) রাজস্ব বরাদ্দ | | | | | | |
| | **মোট (ক) রাজস্ব অঙ্গ** | **০.০০** | | - | - | **০.০০** |
| (খ) মূলধন বরাদ্দ | | | | | | |
| ৪১১১৩১৭ | অন্যান্য ভবন ও স্থাপনা | ৫৫০০০.০০ | - | - | - | ৫৫০০০.০০ |
| | **মোট (খ) মূলধন অঙ্গ** | **৫৫০০০.০০** | - | - | - | **৫৫০০০.০০** |
| | **সর্বমোট (ক+খ)** | **৫৫০০০.০০** | - | - | - | **৫৫০০০.০০** |

(১) অনুমোদিত বিভাজনের অর্থ অনুমোদিত ডিপিপি/সংশোধিত ডিপিপি'র কম্পোনেন্ট ও বর্ণিত শর্ত অনুসারে নির্ধারিত হতে হবে এবং এক খাতের অর্থ অন্য খাতে স্থানান্তর করা যাবে না। অতিরিক্ত কোন অর্থ সংশোধিত বিভাজনে সংযুক্ত করলে এবং এ বিষয়ে কোন অভিযোগ বা ব্যত্যয় হলে তাৎক্ষণিকভাবে সরকার উক্ত বিভাজন বাতিল করতে পারবে;

(২) আলোচ্য প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে বর্ণিত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে অবশ্যই পরিকল্পনা কমিশনের (ভৌত অবকাঠামো/কার্যক্রম বিভাগের) সম্মতি গ্রহণ/অনুমোদন গ্রহণ করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত অতিরিক্ত অর্থ ব্যয় করা হলে সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক/কর্তৃপক্ষ এককভাবে দায়ী থাকবেন;

(৩) অনুমোদিত ডিপিপি/সংশোধিত ডিপিপি-তে বর্ণিত খাত অনুযায়ী অর্থ ব্যয় করতে হবে এবং পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ করতে হবে;

(৪) সংশোধিত বিভাজন ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২২/০৩/২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২০-৩০০/১(১২)

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় , ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বাজেট-১১)]।
২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব, (নগর উন্নয়ন-১/পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রকল্প পরিচালক, 'সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৯। প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (**ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল**)।
১০। অফিস কপি।

২২/০৩/২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব